রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ২৮, ২০১৬

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা**
**(পত্র বিনিময় শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৩ জানুয়ারি ২০১৬

**নং ০১জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের অবসর-উত্তর ছুটি ভোগরত সুপারিনটেনডেন্ট জনাব মোঃ আব্দুল গনি-এর আবেদনের প্রেক্ষিতে অত্র কোর্টের বিজ্ঞপ্তি নং-১৪৯-জি, তারিখ-২১-০৫-২০১৫খ্রিঃ মোতাবেক তাকে ১৬-১০-২০১৫খ্রিঃ হতে ১৫-১০-২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত ০১(এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর-উত্তর ছুটি মঞ্জুর করা হয়েছে। উক্ত অবসর-উত্তর ছুটির অতিরিক্ত অবশিষ্ট পূর্ণ গড় বেতনে ০২ বৎসর ৬ দিন প্রাপ্য ছুটির পরিবর্তে মূল বেতন ১৬,৮০০/- টাকার সাথে ২০% মহার্ঘ ভাতা বাবদ ৩,৩৬০/- টাকা যোগ করে মোট (১৬,৮০০+৩,৩৬০)= ২০,১৬০/- টাকা হারে সর্বোচ্চ ১২(বার) মাসের ছুটির সমপরিমাণ অর্থ বাবদ (২০,১৬০×১২)= ২,৪১,৯২০/- (দুই লক্ষ একচল্লিশ হাজার নয়শত বিশ) টাকা এককালীন নগদায়ন প্রদানের জন্য কর্তৃপক্ষ মঞ্জুরী জ্ঞাপন করেছেন।

আদেশক্রমে

**আবু সৈয়দ দিলজার হোসেন**
রেজিস্ট্রার।

---

**বিজ্ঞপ্তি**

তারিখ, ২৩ ডিসেম্বর ২০১৫

**নং ৩৯৫-জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নোক্ত ২য় শ্রেণীর কর্মকর্তাগণের চাকুরী ৪(চার) বৎসর পূর্ণ হওয়ায় এবং তাদের সন্তোষজনক চাকুরী রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর বেতন-ভাতাদি আদেশের অনুচ্ছেদ-৪ ধারা মোতাবেক ১৬০০০-৩৮৬৪০/- টাকার স্কেলের পরবর্তী বেতনস্কেল ২২০০০-৫৩০৬০/- টাকার স্কেলটি কর্তৃপক্ষ সিলেকশন গ্রেড স্কেল হিসেবে অনুমোদন করেছেন :

| ক্রঃ নং | নাম ও পদবী | প্রশাসনিক কর্মকর্তা পদে যোগদানের তারিখ | ৪ বছর পূর্তির তারিখ | সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্যতার তারিখ | বর্তমান বেতন স্কেল | প্রাপ্য সিলেকশন গ্রেড স্কেল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| (১) | জনাব মোঃ কাওছার হোসেন<br>প্রশাসনিক কর্মকর্তা | ১১-১২-২০১১ | ১০-১২-২০১৫ | ১১-১২-২০১৫ | ১৬০০০-৩৮৬৪০/- | ২২০০০-৫৩০৬০/- |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|
| (২) | জনাব মোঃ আবদুল মোমেন<br>প্রশাসনিক কর্মকর্তা | ১১-১২-২০১১ | ১০-১২-২০১৫ | ১১-১২-২০১৫ | ১৬০০০-৩৮৬৪০/- | ২২০০০-৫৩০৬০/- |
| (৩) | জনাব খন্দকার আবু ছাইদ<br>প্রশাসনিক কর্মকর্তা | ১১-১২-২০১১ | ১০-১২-২০১৫ | ১১-১২-২০১৫ | ১৬০০০-৩৮৬৪০/- | ২২০০০-৫৩০৬০/- |
| (৪) | জনাব মোঃ আরিফুর রহমান<br>প্রশাসনিক কর্মকর্তা | ১১-১২-২০১১ | ১০-১২-২০১৫ | ১১-১২-২০১৫ | ১৬০০০-৩৮৬৪০/- | ২২০০০-৫৩০৬০/- |

সংশ্লিষ্ট প্রশাসনিক কর্মকর্তাগণ অতিরিক্ত বেতন-ভাতা উত্তোলন করে থাকলে উক্ত অতিরিক্ত উত্তোলিত অর্থ হিসাব শাখা কর্তৃক সমন্বয় করা হবে।

এমতাবস্থায়, উপর্যুক্ত ৪(চার) জন প্রশাসনিক কর্মকর্তাকে জাতীয় বেতন স্কেল/২০১৫ এর বেতন-ভাতাদি আদেশের অনুচ্ছেদ-৪ ধারা মোতাবেক সারণীতে উল্লিখিত ৫নং কলামে বর্ণিত তারিখ হতে ৭নং কলামে বর্ণিত স্কেলটি সিলেকশন গ্রেড স্কেল হিসেবে প্রদান করা হলো।

তারিখ, ২৯ ডিসেম্বর ২০১৫

**নং ৪০৩**—জাতীয় বেতন স্কেল/২০০৯ এর ৭নং অনুচ্ছেদের (২) নং উপ অনুচ্ছেদ মোতাবেক বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্ন বর্ণিত **১**(এক) জন ২য় শ্রেণীর গেজেটেড পদধারী সহকারী বেঞ্চ অফিসার চাকুরী একই পদে ৮(আট) বৎসর পূর্ণ হওয়ায় তাঁর চাকুরীর সন্তোষজনক রেকর্ডের ভিত্তিতে জাতীয় বেতন স্কেল/২০০৯ অনুযায়ী **১২,০০০-২১,৬০০/-** টাকার স্কেলের পরবর্তী উচ্চতর স্কেল **১৫,০০০-২৬,২০০/-** টাকার স্কেলটি **১ম** টাইম স্কেল হিসেবে প্রদানের জন্য কর্তৃপক্ষ অনুমোদন প্রদান করেছেনঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | বর্তমান পদে যোগদানের তারিখ | ৮(আট) বছর পূর্তির তারিখ | ১ম টাইম স্কেল প্রাপ্তির তারিখ | বর্তমান বেতন স্কেল | প্রাপ্য ১ম টাইম স্কেল |
|---|---|---|---|---|---|---|
| (১) | জনাব আব্দুস সালাম<br>সহকারী বেঞ্চ অফিসার | ২২-০৪-০৭ ইং | ২১-০৪-১৫ ইং | ২২-০৪-১৫ ইং | ১২০০০-২১৬০০/-<br>জাঃ বেঃ স্কেল/০৯ | ১৫০০০-২৬২০০/-<br>জাঃ বেঃ স্কেল/০৯ |

তারিখ, ৩১ ডিসেম্বর ২০১৫

**নং ৪০৬ জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের বেঞ্চ অফিসার জনাব সরওয়ার হোসেন খান-এর জন্ম তারিখ **১৩-০৩-১৯৫৭** খ্রিঃ মোতাবেক আগামী **১২-০৩-২০১৬** খ্রিঃ তারিখে তার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে বিধায় গণকর্মচারী (অবসর) আইন, **১৯৭৪**-এর ধারা-৪ অনুযায়ী তাকে **১২-০৩-২০১৬** খ্রিঃ তারিখ হতে অবসর উত্তর ছুটিতে (পি,আর,এল,) গমনের অনুমতি প্রদান করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

তারিখ, ২৪ ডিসেম্বর ২০১৫

**নং ৩৯৭ জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নোক্ত কর্মকর্তার চাকুরী ২য় শ্রেণীর পদমর্যাদার সহকারী বেঞ্চ অফিসার পদে ৪(চার) বৎসর পূর্ণ হওয়ায় এবং চাকুরীর সন্তোষজনক রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে তাঁকে জাতীয় বেতন স্কেল ২০০৯ এর ৭(৯) ধারা মোতাবেক ০১-০৮-২০১৪ খ্রিঃ তারিখ হতে **১১,০০০-২০,৩২০/-** টাকার স্কেলের পরবর্তী উচ্চতর **১২,০০০-২১,৬০০/-** টাকার বেতন স্কেলটি সিলেকশন গ্রেড স্কেল হিসেবে প্রদান করা হলোঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | সহকারী বেঞ্চ অফিসার পদে যোগদানের তারিখ | ৪ বৎসর পূর্তির তারিখ | সিলেকশনগ্রেড স্কেল প্রাপ্ততার তারিখ |
|---|---|---|---|---|
| (১) | জনাব মোঃ কাজী মাহমুদুল হাসান<br>সহকারী বেঞ্চ অফিসার | ০১-০৩-২০১১ | ২৮-০২-২০১৪ | ০১-০৩-২০১৫ |

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি প্রচার করা হলো।

আদেশক্রমে

**মোঃ আজিজুল হক**
ডেপুটি রেজিস্ট্রার
(প্রশাসন ও বিচার)।

## বিজ্ঞপ্তি

তারিখ, ৫ জানুয়ারি ২০১৬

**নং ০৮-জি**—বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগের নিম্নোক্ত ২য় শ্রেণীর কর্মকর্তার চাকুরী ৪(চার) বৎসর পূর্ণ হওয়ায় এবং তার সন্তোষজনক চাকুরী রেকর্ড ও জ্যেষ্ঠতার ভিত্তিতে জাতীয় বেতন স্কেল ২০০৯ এর ৭(৯) অনুচ্ছেদ অনুযায়ী ৮,০০০-১৬,৫৪০/- টাকার স্কেলের পরবর্তী বেতনস্কেল ১১০০০-২০৩৭০/- টাকার স্কেলটি কর্তৃপক্ষ সিলেকশন গ্রেড স্কেল হিসেবে অনুমোদন করেছেনঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | প্রশাসনিক কর্মকর্তা পদে যোগদানের তারিখ | ৪ বছর পূর্তির তারিখ | সিলেকশন গ্রেড স্কেল প্রাপ্যতার তারিখ | বর্তমান বেতন স্কেল | প্রাপ্য সিলেকশন গ্রেড স্কেল |
|---|---|---|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আব্দুস ছাত্তার প্রশাসনিক কর্মকর্তা | ১২-০৫-২০১১ (অপরাহ্ণ) | ১২-০৫-২০১১ | ১৩-০৫-২০১৫ | ৮,০০০-১৬,৫৪০/- | ১১,০০০-২০,৩৭০/- |

সংশ্লিষ্ট প্রশাসনিক কর্মকর্তা অতিরিক্ত বেতন-ভাতা উত্তোলন করে থাকলে উক্ত অতিরিক্ত উত্তোলিত অর্থ হিসাব শাখা কর্তৃক সমন্বয় করা হবে।

এমতাবস্থায়, উপর্যুক্ত প্রশাসনিক কর্মকর্তাকে জাতীয় বেতন স্কেল/২০০৯-এর বেতন-ভাতাদি আদেশের ৭(৯) ধারা মোতাবেক ১৩-০৫-২০১৫ খ্রিঃ তারিখ হতে ৮,০০০-১৬,৫৪০/- টাকা স্কেলের পরবর্তী উচ্চতর ১১,০০০-২০,৩৭০/- টাকার বেতন স্কেলটি সিলেকশন গ্রেড স্কেল হিসেবে প্রদান করা হলো।

**মোঃ আজিজুল হক**
ডেপুটি রেজিস্ট্রার
(প্রশাসন ও বিচার)।

---

## কারিগরি শিক্ষা অধিদপ্তর

## অফিস আদেশাবলী

তারিখ, ৩০ ডিসেম্বর ২০১৫

**নং ৩৭.০৩.০০০০.০১০.১৩.০৩২.১৪(ন-৩২,পার্ট-১)-৮৪৯**—কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের চিফ ইনস্ট্রাকটর (মেকানিক্যাল) জনাব মোঃ মোস্তফা হোসেন-এর এস.এস.সি সনদ অনুয়ায়ী জন্ম তারিখ ৩১-১২-১৯৫৬ হওয়ায় Public Servants (Retirement) (Amendment Ordinance, 2011) এবং অর্থ বিভাগের ০৬-০৪-২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ- ৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ৩০-১২-২০১৫ তারিখে সরকারি চাকরি হতে অবসর গমনের অনুমতি প্রদান করা হলো।

**নং৩৭.০৩.০০০০.০১০.১৩.০৩২.১৪(ন-৩২, পার্ট-১)-৮৫০** —কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের চিফ ইনস্ট্রাকটর (টেক/মেকানিক্যাল) জনাব মোঃ আতাউর রহমান-এর এস.এস.সি সনদ অনুয়ায়ী জন্ম তারিখ ২৫-০১-১৯৫৭ হওয়ায় Public Servants (Retirement) (Amendment Ordinance, 2011) এবং অর্থ বিভাগের ০৬-০৪-২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ- ৩/২০১০ (অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ২৪-০১-২০১৬ তারিখে সরকারি চাকরি হতে অবসর গমনের অনুমতি প্রদান করা হলো।

**নং ৩৭.০৩.০০০০.০১০.১৩.০৩২.১৪(ন-৩২, পার্ট-১)-৮৫১**—কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউটের চিফ ইনস্ট্রাকটর (পাওয়ার) জনাব এ.কে.এম মকবুল হোসেন খান-এর এস.এস.সি সনদ অনুয়ায়ী জন্ম তারিখ ০১-০১-১৯৫৭ হওয়ায় Public Servants (Retirement) (Amendment Ordinance, 2011) এবং অর্থ বিভাগের ০৬-০৪-২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ৩১-১২-২০১৫ তারিখে সরকারি চাকরি হতে অবসর গমনের অনুমতি প্রদান করা হলো।

তারিখ, ০৩ জানুয়ারি ২০১৬

**নং ৩৭.০৩.০০০০.০১০.০০১.১৩.১৩(ন-০০১)-০১**—কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইনস্টিটিউট, কাপ্তাই-এর উপাধ্যক্ষ, জনাব হরিপদ দাস-এর এস.এস.সি সনদ অনুয়ায়ী জন্ম তারিখ ০২-০১-১৯৫৭ হওয়ায় Public Servants (Retirement)(Amendment Ordinance, 2011) এবং অর্থ বিভাগের ০৬-০৪-২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃ বিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ০১-০১-২০১৬ তারিখে সরকারি চাকরি হতে ভূতাপেক্ষভাবে অবসর গমনের অনুমতি প্রদান করা হলো।

তারিখ, ০৫ জানুয়ারি ২০১৬

**নং ৩৭.০৩.০০০০.০১০.১৩.০৩২.১৪(ন-৩২,পার্ট-১)-১০**—কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট-এর চিফ ইনস্ট্রাকটর (টেক), প্রকৌঃ মোঃ আব্দুল হক-এর এস.এস.সি সনদ অনুয়ায়ী জন্ম তারিখ ০২-০১-১৯৫৭ হওয়ায় Public Servants (Retirement) (Amendment Ordinance, 2011) এবং অর্থ বিভাগের ০৬-০৪-২০১০ তারিখের অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০(অংশ-৩)/৬২ সংখ্যক প্রজ্ঞাপন অনুযায়ী ০১-০১-২০১৬ তারিখে সরকারি চাকরি হতে ভূতাপেক্ষভাবে অবসর গমনের অনুমতি প্রদান করা হলো।

**মোহাঃ বাবর আলী**
পরিচালক (পরিঃ ও উন্নঃ)
ও
পরিচালক (প্রশাসন) রুটিন দায়িত্ব।

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর**
**(প্রশাসন শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২০ পৌষ ১৪২২/৩ জানুয়ারি ২০১৬

**নং ৫৬.০৪.০০০০.০০৩.১৯.০০১.১৪-০১**—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পাশে বর্ণিত কর্মস্থলে নির্দেশক্রমে বদলী করা হলোঃ

মোঃ কামরুল আরেফিন, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ভোলাহাট, চাঁপাইনবাবগঞ্জ—তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, মোহনপুর, রাজশাহী।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ ম›Ryরুল হাফিজ**
উপ-পরিচালক (প্রশাসন)।

**বিভাগীয় কমিশনারের কার্যালয়**
**রাজশাহী বিভাগ, রাজশাহী**
**(রাজস্ব শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৩০ ডিসেম্বর ২০১৫

**নং ০৫.৪৩.০০০০.০১১.০৯.০০১.১৫-১৩৪৯**—জেলা প্রশাসকের কার্যালয়, নাটোরে কর্মরত সহকারী কমিশনার জনাব মৌসুমী জেরীন কান্তা (১৭২৮৭)-কে তাঁর এখতিয়ারাধীন এলাকায় সরকারি দাবী আদায় আইন, ১৯১৩ এর ৩(৩) ধারা মোতাবেক জেনারেল সার্টিফিকেট অফিসারের ক্ষমতা প্রদান করা হলো।

**হেলালুদ্দীন আহমদ**
বিভাগীয় কমিশনার
রাজশাহী।

---

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৬ জানুয়ারি ২০১৬

**নং ২য়/ইটি-৭(২)/বদলী/সিঃকমিঃ/২০১১/৬৭**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এ কর্মরত/পদস্থ নিম্নে উল্লিখিত সহকারী রাজস্ব কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলী/পদস্থ করা হলোঃ

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও জন্ম তারিখ | বর্তমান কর্মস্থল | নতুন/বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব মোঃ মনিরুজ্জামান মিয়া<br>১৫-১১-১৯৭২ | সদর দপ্তরে সদ্য যোগদানকৃত | এয়ারপোর্ট ও এয়ারফ্রেইট বিভাগ, সিলেট |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**নং ২য়/ইটি-৭(৮)/বদলী/সিঃকমিঃ/২০১১/৮২**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট-এ কর্মরত/পদস্থ নিম্নে উল্লিখিত রাজস্ব কর্মকর্তাকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁর নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে বদলী/পদস্থ করা হলো :

| ক্রঃ নং | কর্মকর্তার নাম ও পদবী | বর্তমান কর্মস্থল | নতুন/বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|
| (১) | জনাব অনিল কুমার সরকার<br>রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব) | সদর দপ্তরে সদ্য যোগদানকৃত | সদর দপ্তর |

২। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

**এ কে এম নুরুজ্জামান**
কমিশনার।

---

**কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট**
**উপশহর, রাজশাহী**

**আদেশ**

তারিখ, ১০ জানুয়ারি ২০১৬

**নং ২/রাজঃ কমিঃ/ইটি/০৫/বদলী/২০১৪/৭৪**—কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহীতে কর্মরত এবং এ কমিশনারেটে সদ্য যোগদানকৃত নিম্নবর্ণিত রাজস্ব কর্মকর্তা/রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব)-গণকে তাঁদের নামের পার্শ্বে ০৫ নং কলামে বর্ণিত কর্মস্থলে বদলী/পদস্থ করা হলোঃ

| ক্রঃ নং | নাম ও জন্ম তারিখ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) | পদবী | বর্তমান কর্মস্থল | বদলীকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | জনাব মোঃ মাহফুজুর রহমান<br>জন্ম তারিখঃ ২৭-০৭-১৯৫৯ | রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব) | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট নওগাঁ সার্কেল-১ অতিরিক্ত দায়িত্ব কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগীয় দপ্তর, নওগাঁ, নওগাঁ সার্কেল-২ ও খঞ্জণপুর শুল্ক করিডোর | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট নওগাঁ সার্কেল-১ অতিরিক্ত দায়িত্ব খঞ্জণপুর শুল্ক করিডোর |
| (২) | জনাব মোঃ সরমত আলী<br>জন্ম তারিখঃ ১২-০১-১৯৬০ | রাজস্ব কর্মকর্তা (চলতি দায়িত্ব) | এ কমিশনারেটে সদ্য যোগদানকৃত | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট নওগাঁ সার্কেল-২ |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আব্দুল মান্নান শিকদার**
কমিশনার।

## পুলিশ সুপারের কার্যালয়, টাঙ্গাইল

### অফিস আদেশ

তারিখ, ০৫ জানুয়ারি ২০১৬

**নং ২০(১৮)/সি**—লাইন ও আর, টাঙ্গাইল-এ কর্মরত নিম্নলিখিত নিরস্ত্র পুলিশ পরিদর্শককে তার নামের পার্শ্ববর্ণিত ইউনিটে বদলী করা হলো:

জনাব মোঃ আবু বক্কর ছিদ্দিক, বিপিনং-৬৭৮৯০০৭৯৭৬, নিরস্ত্র পুলিশ পরিদর্শক, লাইন ও আর, টাঙ্গাইল—নিরস্ত্র পুলিশ পরিদর্শক, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার, টাঙ্গাইল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**সালেহ্ মোহাম্মদ তানভীর,** পিপিএম
পুলিশ সুপার।

---

## রেঞ্জ ডিআইজির কার্যালয়, চট্টগ্রাম

### আদেশ

তারিখ, ১৪ পৌষ ১৪২২/২৮ ডিসেম্বর ২০১৫

**নং প্রশা/০৩-২০১৫/১৭০০**—চাঁদপুর জেলার নিরস্ত্র পুলিশ পরিদর্শক জনাব মোঃ মোজাম্মেল হক মামুন (বিপি নং-৭২৯৫০১০৫১০) কে জনস্বার্থে রাঙ্গামাটি পার্বত্য জেলায় বদলী করা হলো।

উক্ত পুলিশ পরিদর্শক বদলীকৃত কর্মস্থলে যোগদানের উদ্দেশ্যে আগামী ০২-০১-২০১৬খ্রিঃ তারিখের মধ্যে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ০৩-০১-২০১৬খ্রিঃ তারিখ হতে তাৎক্ষণিক অবমুক্ত (Stand Rrlease) হয়েছেন বলে গণ্য হবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকরী হবে।

**মোহাঃ শফিকুল ইসলাম,** বিপিএম
ডিআইজি।

---

## রেঞ্জ ডিআইজির কার্যালয়, বরিশাল

### প্রজ্ঞাপন

তারিখ, ২৮ ডিসেম্বর ২০১৫

**নং ৬৭৮**—জনাব মোঃ সুজা উদ্দিন সিকদার (বিপি-৫৭৭৬০৯০৭৫৭), সশস্ত্র পুলিশ পরিদর্শক, আরআরএফ, বরিশাল-এর জন্ম তারিখ ২৪-০১-১৯৫৭ খ্রিঃ মোতাবেক আগামী ২৩-০১-২০১৫ খ্রিঃ ৫৯ (ঊনষাট) বছর পূর্তিতে নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা, বিভাগীয় হিসাব নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল এর প্রত্যয়ন এবং অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং-অম/অবি/প্রবি-১/চাঃবিঃ-৩/২০১০ (অংশ-৩)/৬২ তারিখঃ ০৬-০৪-১০ খ্রিঃ'র আলোকে ২৪-০১-২০১৬ খ্রিঃ হইতে ২৩-০১-১৭ খ্রিঃ পর্যন্ত ০১(এক) বছর অর্থাৎ ১২(বার) মাস অবসরোত্তর ছুটি (PRL) মঞ্জুর করা হইল।

উক্ত ছুটির মেয়াদান্তে তাহাকে চাকুরী হইতে পূর্ণ অবসর গ্রহণের অনুমতি প্রদান করা হইল।

**মোঃ হুমায়ুন কবির,** পিপিএম-বার
ডিআইজি।

## জেলা প্রশাসকের কার্যালয়, মানিকগঞ্জ

**(এল.এ.শাখা)**

**১৯৮২ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ**

**কেস নং-১০/২০১৪-২০১৫**

**ফরম "ঘ"**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারায় (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং উহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**"তফসিল"**

জেলা-মানিকগঞ্জ, উপজেলা-দৌলতপুর, মৌজা-রামচন্দ্রপুর।

| আর,এস দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ(একর) |
|---|---|
| ৪৫৭ | ০.১০ একর |
| মোট জমির পরিমাণ = | ০.১০ একর |

**মোঃ মজিবর রহমান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**১৯৮২ সনের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ**

**কেস নং-১১/২০১৪-২০১৫**

**ফরম "ঘ"**

**(৫ নং বিধি দ্রষ্টব্য)**

**ঘোষণা**

**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিল বর্ণিত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ ধারায় (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং উহা সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**"তফসিল"**

জেলা-মানিকগঞ্জ, উপজেলা-সিংগাইর, মৌজা-সিংগাইর।

| আর,এস দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ(একর) |
|---|---|
| ৪৬৯৪ | ০.১০ একর |
| মোট জমির পরিমাণ = | ০.১০ একর |

**মোঃ মজিবর রহমান**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর**
**(ভূমি হুকুম দখল শাখা)**
**ফরম "চ"**
**[১২(২) ধারা মোতাবেক]**
**এল, এ, কেস নং ০১/২০১০-২০১১**
**"ঘোষণাপত্র"**

যেহেতু ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর অধীনে নিম্নোক্ত তফসিল বর্ণিত সম্পত্তি ১/২০১০-২০১১ নং এল,এ কেসের মাধ্যমে ২০১০ সালের ০৬-০৯-২০১০ তারিখে শুরু করা হয়, এখন পর্যন্ত কোন ক্ষতিপূরণ প্রদান করা হয়নি।

সেহেতু, এক্ষণে, ১৯৮২ সালের ২ নং অধ্যাদেশের ১২ ধারায় (২) উপধারা অনুযায়ী বর্ণিত ক্ষমতাবলে আমি সরকারের পূর্ব অনুমোদন গ্রহণ করে উক্ত সম্পত্তি অধিগ্রহণ সম্পর্কিত সমুদয় কার্যধারা প্রত্যাহার/রদ করলাম।

| জেলার নাম | উপজেলার নাম | মৌজার নাম | জে,এল,নং | এস,এ,দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| মাদারীপুর | মাদারীপুর সদর | কুকরাইল | ১২৩ | ৪০৭ | ০.২০০০ |

উল্লেখ্য যে, অধিগ্রহণ হতে বাতিলকৃত জমির নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর এর সংশ্লিষ্ট শাখায় রক্ষিত আছে।

**বাবর আলী মীর**
অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল.এ.কেস নং-০১/২০১৪-১৫**
**ফরম "ঘ"**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**
**"ঘোষণা"**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে উল্লিখিত তফসিলে বর্ণিত সম্পত্তি ময়মনসিংহ জেলার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর ফুলপুর-২(তারাকান্দা) ৩৩/১১ কেভি, ১০ এমভিএ বৈদ্যুতিক উপকেন্দ্র নির্মাণের জন্য তারাকান্দা উপজেলাধীন বারইপুখুরিয়া মৌজায় ০.৩৩ (শূন্য দশমিক তিন তিন) একর সম্পত্তি অধিগ্রহণের করিতে হইবে এবং তদনুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ)-এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে।

সেহেতু, এক্ষণে উক্ত অধ্যাদেশের ১১ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং ইহা সর্বপ্রকার দায়দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**"তফসিল"**

মৌজা: বারইপুখুরিয়া, জে.এল.নং-২২৪, উপজেলা: তারাকান্দা, জেলা-ময়মনসিংহ।

| দাগ নং (আর.এস) | দাগে অধিগ্রহণকৃত জমির পরিমাণ(একর) |
|---|---|
| ৯১(অংশ) | ০.৩৩ |

মোট= ০.৩৩ একর

**মুস্তাকীম বিল্লাহ ফারুকী**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ**
**সংস্থাপন শাখা**

**অফিস আদেশ**

তারিখ, ২৭ ডিসেম্বর ২০১৫

নং **০৫.৪১.৪৮০০.০১৪.০৩.০৬৮.১১-৮৭৩(১১)**—জনাব আবুল হোসেন ভূঁইয়া, প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, কিশোরগঞ্জ ৩১-১২-২০১৫ খ্রিঃ তারিখ হতে স্বেচ্ছায় অবসর গ্রহণের আবেদন করেন। গণকর্মচারী (অবসর) আইন, ১৯৭৪ এর ৯(১) উপধারার (১) বিধান এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০১ জানুয়ারী ২০১৫ খ্রিঃ তারিখের ০৫.০০.০০০০. ১১২.১৮.০২৮. ০৭-০২ (৭০০) পরিপত্রে প্রদত্ত ক্ষমতাবলে উক্ত কর্মকর্তাকে ৩১ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ হতে ঐচ্ছিকভাবে (Optional retirement) সরকারি চাকুরি থেকে অবসর গ্রহণের অনুমতি প্রদান করা হলো।

**জি এস এম জাফরউল্লাহ্**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ**
**ভূমি হুকুম দখল শাখা**
**এল এ কেস নং-১০/২০১৪-১৫**
**ফরম "ঘ"**
**(৫ নং বিধি দ্রষ্টব্য)**
**ঘোষণা**
**[১১(২) ধারা মোতাবেক]**

যেহেতু নিম্ন বর্ণিত তফসিল বর্ণিত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে এবং তদনুযায়ী ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ এবং হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের II নং অধ্যাদেশ) এর ১০ ধারা অনুসারে উহার ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া অনুমিত হইতেছে;

সেহেতু, এক্ষণে, উক্ত অধ্যাদেশের ১১ নং ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইল এবং উহা সর্বপ্রকার দায়-দায়িত্বমুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইল।

**"তফসিল"**

মৌজা: এরান্দহ, জে.এল.নং-১৮৫, উপজেলা: রায়গঞ্জ, জেলা-সিরাজগঞ্জ।

| দাগ নং (আর,এস) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|
| ৫৪৯৬ আং | ০.২৪ |
| ৫৫০৩ আং | ০.০৯ |
| | মোট= ০.৩৩ একর |

ভূমি নক্সা জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর এল এ শাখায় দেখা যাইতে পারে।

**প্রতাপ চন্দ্র বিশ্বাস**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

**জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।**
**ভূমি হুকুম দখল শাখা**
**ফরম "ঙ"**
**(৬ নং বিধি দ্রষ্টব্য)**
**[১২(১) ধারা মোতাবেক]**
**ঘোষণা**
**এল. এ কেস নং: ১৩/৯৬-৯৭**

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করতঃ ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ) এর ৭(৪) ধারা মতে প্রাক্কলন প্রাপ্তির নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাশী সংস্থা কর্তৃক প্রাক্কলনে উল্লিখিত ক্ষতিপূরণের অর্থ প্রদান বা জমা প্রদান করা হয় নাই এবং ইহার জন্য উক্ত সম্পত্তির মালিকগণ বা স্বার্থবান ব্যক্তিগণ দায়ী নহেন;

সেহেতু, এক্ষণে, ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ (১৯৮২ সনের ২ নং অধ্যাদেশ)- এর ১২ ধারার (১) উপ-ধারা অনুসারে আমি ঘোষণা করছি যে, ০৭-০২-২০০৫ খ্রিঃ তারিখ হতে নিম্নবর্ণিত সম্পত্তি সম্পর্কে গৃহীত কার্যক্রম বাতিল করা হলো।

**"তফসিল"**

মৌজা: চকনওগাঁও, জে.এল.নং-১৭৭, উপজেলা: সিংড়া, জেলা- নাটোর।

| আর,এস খতিয়ান নং | আর এস দাগ নং | পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১১৭ | ১১ | ০.০৩ |
| ১২৭ | ১৩ | ০.২৪ |
| | | মোট= ০.২৭ (একর) |

**সর্বমোট**= ০.২৭ (একর)

**মোঃ তৌফিক আল মাহমুদ**
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।**
**স্থানীয় সরকার শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২২ পৌষ ১৪২২/০৫ জানুয়ারি ২০১৬

নং **০৫.৪৭.৪৯০০.০০৪.০৩.০৪৬.১৬-০৭**—স্থানীয় সরকার বিভাগ, ইউপি-১ শাখা, ঢাকা'র ০৩ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৬.১৫.১৩২৪ নং স্মারক পত্র মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১১ ধারার ক্ষমতাবলে আমি খান মোঃ নুরুল আমিন, জেলা প্রশাসক, কুড়িগ্রাম নিম্ন তফসিল বর্ণিত কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলার অধুনালুপ্ত ছিটমহল দাসিয়ার ছড়াকে পার্শ্ববর্তী ৩টি ইউনিয়নের ৬টি ওয়ার্ডে অন্তর্ভুক্ত করলাম:

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | জে,এল নং | ওয়ার্ড নং | ওয়ার্ডে অবস্থিত গ্রাম/মৌজাসমূহ |
|---|---|---|---|---|
| ফুলবাড়ী | ফুলবাড়ী | ৪০ | ৬ | নাগদাহ (রাশমেলা) |
| | ফুলবাড়ী | ২৮ | ৬ | চন্দ্রখানা (ঘরিয়াটারী ও বানিয়াটারীর পূর্ব-দক্ষিণ অংশ) |
| | ফুলবাড়ী | ২৮ | ৭ | চন্দ্রখানা (কামালপুরের পশ্চিম-দক্ষিণ অংশ) |
| | ফুলবাড়ী | ৩১ | ৪ | কুটিচন্দ্রখানা (বটতলার দক্ষিণ-পশ্চিম অংশ, বালাটারী, মধ্য সমন্বয়টারী ও দোলাটারীর উত্তর-পূর্ব অংশ) |
| | ফুলবাড়ী | ৩১ | ৫ | কুটিচন্দ্রখানা (হাবিবপুর, কামালপুরের পূর্ব-উত্তর অংশ ও বটতলার পূর্ব-উত্তর অংশ) |
| | কাশিপুর | ৩২ | ৮ | আজোয়াটারী (দোলাটারীর দক্ষিণ-পশ্চিম অংশ ও বানিয়াটারীর পূর্ব-উত্তর অংশ) |
| | ভাঙ্গামোড় | ৩৮ | ১ | আটিয়াবাড়ী (ছোট কামাতের পূর্ব-দক্ষিণ অংশ) |
| | ভাঙ্গামোড় | ৩৯ | ১ | সুজনেরকুটি (ছোট কামাতের পশ্চিম-উত্তর অংশ) |

নং **০৫.৪৭.৪৯০০.০০৪.০৩.০৪৬.১৬-০৮**—স্থানীয় সরকার বিভাগ, ইউপি-১ শাখা, ঢাকা'র ০৩ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৬.১৫.১৩২৪ নং স্মারক পত্র মোতাবেক স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১১ ধারার ক্ষমতাবলে আমি খান মোঃ নুরুল আমিন, জেলা প্রশাসক, কুড়িগ্রাম নিম্ন তফসিল বর্ণিত কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারী উপজেলার অধুনালুপ্ত ১০ টি ছিটমহলকে ৩টি ইউনিয়নের ৬টি ওয়ার্ডে অন্তর্ভুক্ত করলাম:

| উপজেলার নাম | ইউনিয়নের নাম | জে,এল নং | ওয়ার্ড নং | ওয়ার্ডে অবস্থিত গ্রাম/মৌজাসমূহ |
|---|---|---|---|---|
| ভুরুঙ্গামারী | শিলখুড়ী | ২৬ | ৭ | উত্তর ছাঁটগোপালপুর |
| | শিলখুড়ী | ১২ | ৪ | কাঠগীর |
| | পাথরডুবি | ৯ | ১ | দক্ষিণ বাঁশজানী |
| | পাথরডুবি | ৩২ | ১ | দক্ষিণ বাঁশজানী |
| | পাথরডুবি | ৩২ | ১ | দক্ষিণ বাঁশজানী |
| | পাথরডুবি | ৪১ | ১ | দক্ষিণ বাঁশজানী |
| | পাথরডুবি | ৩১ | ৬ | ফুলকুমার |
| | পাথরডুবি | ৩২ | ৮ | পাথরডুবী |
| | পাথরডুবি | ৩২ | ৯ | পাথরডুবী |
| | ভুরুঙ্গামারী | ৪৫ | ১ | ভোট হাট |

**খান মোঃ নুরুল আমিন**
জেলা প্রশাসক।

**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা**

**(পত্র বিনিময় শাখা)**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ০৮ মার্চ ২০১৬

**নং ৮৮-জি**—বাংলাদেশ সুপ্রীমকোর্ট, হাইকোর্ট বিভাগের সহকারী রেজিস্ট্রার (অনুলিপি ও মহাফেজ) জনাব মোঃ নূরুল ইসলাম গত ২৯-০২-২০১৬ খ্রিঃ তারিখ ডেপুটি রেজিস্ট্রার পদে পদোন্নতি মূলে যোগদান করায় জনাব মোঃ মোবারক আলী মিঞা, সহকারী রেজিস্ট্রার (ফৌজদারী-৩)-কে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে সহকারী রেজিস্ট্রার (অনুলিপি ও মহাফেজ)-এর দায়িত্ব পালনের নির্দেশ দেয়া হলো।

২। এ আদেশ ০৮-০৩-২০১৬ খ্রিঃ তারিখ হতে কার্যকর হবে।

৩। তিনি বিধি মোতাবেক দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন।

আদেশক্রমে

**মোঃ আজিজুল হক**
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)।

---

**কমিশনার, ঢাকা বিভাগ এর কার্যালয়**
**উন্নয়ন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ ফাল্গুন ১৪২২/০৮ মার্চ ২০১৬

**নং ০৫.৪১.৩০০০.০১১.০২.০০১.১২-২৭৩**—২৭ ডিসেম্বর ২০১৫ তারিখে অনুষ্ঠিত ফাউন্ডেশন পরিচালনা বোর্ডের ৩৩তম সভার সিদ্ধান্ত ৫.১ এ "কিশোরগঞ্জ সদর উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন" এর নাম পরিবর্তন করে "কিশোরগঞ্জ উন্নয়ন ফাউন্ডেশন" নামে প্রতিস্থাপিত হবে মর্মে সিদ্ধান্ত হয়।

২। এমতাবস্থায়, প্রতিস্থাপিত "কিশোরগঞ্জ উন্নয়ন ফাউন্ডেশন" নামটি গেজেটে প্রকাশ করা হলো।

**শাফিয়া আক্তার শিমু**
সহকারী কমিশনার (উন্নয়ন)।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা**

**(স্থানীয় সরকার শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ মাঘ ১৪২২/১০ ফেব্রুয়ারি ২০১৬

**নং ০৫.৪২.১৯০০.০০৯.৪৩.০০৩.১৬-৯৬**—সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর **১১** ধারা মোতাবেক আমি মোঃ হাসানুজ্জামান কল্লোল, জেলা প্রশাসক, কুমিল্লা এ জেলার লাকসাম উপজেলাধীন বাকই ইউনিয়নকে বিভক্ত করে বাকই উত্তর এবং বাকই দক্ষিণ ইউনিয়ন নামে পুনর্গঠন ও নামকরণ করিলাম।

এ বিভক্তিকরণের (গঠন/পুনর্গঠন) কার্যকারিতা বর্তমান পরিষদের মেয়াদ উত্তীর্ণের পর শুধু হবে।

**চূড়ান্তভাবে বিভক্তিকরণ (গঠন/পুনর্গঠন) নিম্নরূপ :**

**বাকই ইউনিয়ন**

**প্রস্তাবিত "বাকই উত্তর" ইউনিয়ন পরিষদের বিবরণ (ওয়ার্ড বিভক্তিসহ)**

| সংরক্ষিত ওয়ার্ড নম্বর | সাধরণ ওয়ার্ড নম্বর | ওয়ার্ডভুক্ত এলাকার বিবরণ | আয়তন (বর্গ কিঃ মিঃ) | জনসংখ্যা (২০১১ শুমারী অনুযায়ী) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১ | কাপাসতলা | ১.৮৫৮ | ৪০২০ | |
| | ২ | নুরপুর | ০.৮১৮ | ১২৪০ | |
| | | গছাকড়া | ০.১৭০ | ৬১০ | |
| | | কচরাইস | ০.৩৩২ | ৬৬০ | |
| | ৩ | জয়শ্রী | ০.৯৮৮ | ১৪২০ | |
| | | কমরপুর | ০.০৮১ | ১৭৮ | |
| | | ছোট বিজরা | ১.০১২ | ১২৪৮ | |

| সংরক্ষিত ওয়ার্ড নম্বর | সাধরণ ওয়ার্ড নম্বর | ওয়ার্ডভুক্ত এলাকার বিবরণ | আয়তন (বর্গ কিঃ মিঃ) | জনসংখ্যা (২০১১ শুমারী অনুযায়ী) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২ | ৪ | হাতিলোটা | ০.৫২২ | ১৪৩০ | |
| | | শংকরপাড় | ০.৫০৬ | ৯২০ | |
| | ৫ | ভাবকপাড়া | ২.৩৮০ | ৩৯৩০ | |
| | ৬ | শিকারিপাড়া | ০.৯৭২ | ১৩৮৮ | |
| | | পাড়া ভাবকপাড়া | ০.২০৩ | ৭২০ | |
| ৩ | ৭ | হাজীপুর | ০.১০২ | ১৪৬৫ | |
| | | আলোকদিয়া | ০.২৯২ | ৫৫০ | |
| | ৮ | মোহনপুর | ০.৭২১ | ৮১০ | |
| | | রসুলপুর | ০.৪৯৩ | ৮২০ | |
| | | পাড়া বাকই | ০.০৬০ | ২৫৫ | |
| | ৯ | রাজাপুর | ০.০৪০ | ২২০ | |
| | | হরিশ্চর | ০.৩২৩ | ৮৮০ | |
| | | মধুশ্চর | ০.৪০০ | ১০৮০ | |
| | | | মোট= ১২.২৭৩ | ২৩,৮৪৪ জন | |

**প্রস্তাবিত "বাকই দক্ষিণ" ইউনিয়ন পরিষদের বিবরণ (ওয়ার্ড বিভক্তিসহ)**

| সংরক্ষিত ওয়ার্ড নম্বর | সাধরণ ওয়ার্ড নম্বর | ওয়ার্ডভুক্ত এলাকার বিবরণ | আয়তন (বর্গ কিঃ মিঃ) | জনসংখ্যা (২০১১ শুমারী অনুযায়ী) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১ | বড় বিজরা | ১.২৯১ | ২৭৬০ | |
| | | ফুলুয়া | ০.২০২ | ৭১০ | |
| | ২ | অশ্বদিয়া | ০.৬৮৪ | ১৯২০ | |
| | | উধইর | ০.০৫৬ | ৩২০ | |
| | ৩ | বাকই | ২.০২৩ | ৩৯১০ | |
| ২ | ৪ | উত্তর গাজীপুর | ০.৭৯৭ | ১৩৭০ | |
| | | তারাপুর | ০.৬৬৩ | ৮২০ | |
| | ৫ | কৈত্রা | ১.৯২২ | ৩৭০০ | |
| | ৬ | মালিবাউরতলা | ০.৬৪৮ | ৭৩৫ | |
| | | পাঁচপাড়া | ০.৫৯৫ | ১১৬০ | |
| | | আষড়া | ০.৩৫২ | ৮১০ | |
| ৩ | ৭ | কোয়ার | ১.৩৮৮ | ২৯৫২ | |
| | ৮ | কোটইশা | ০.৬৯২ | ১৪১০ | |
| | | কাঁকঘর | ০.০৫২ | ২৭০ | |
| | | খৈয়াখালী | ০.১৯৪ | ২৬২ | |
| | | দেবীপুর | ০.০৮৯ | ৪৪২ | |
| | | বিরামপুর | ০.১২৯ | ২৫০ | |
| | ৯ | বরইগাঁও | ১.০৯৩ | ১৩২০ | |
| | | দুপচর | ০.৪৭৩ | ১০৯০ | |
| | | মজলিশপুর | ০.৫৩১ | ৬৪০ | |
| | | | **মোট = ১৩.৮৭৪** | **২৬৮৫১ জন** | |

**মোঃ হাসানুজ্জামান কল্লোল**
জেলা প্রশাসক।

**জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা**
**(স্থানীয় সরকার শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ ফাল্গুন ১৪২২/২২ ফেব্রুয়ারি ২০১৬

**নং ০৫.৪২.১৯০০.০০৯.৪৩.০০৩.১৬-১২৭**—সর্বসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ১১ ধারা মোতাবেক আমি মোঃ হাসানুজ্জামান কল্লোল, জেলা প্রশাসক, কুমিল্লা এ জেলার লাকসাম উপজেলাধীন মুদাফরগঞ্জ ইউনিয়নকে বিভক্ত করে মুদাফরগঞ্জ উত্তর এবং মুদাফরগঞ্জ দক্ষিণ ইউনিয়ন নামে পুনর্গঠন ও নামকরণ করিলাম।

এ বিভক্তিকরণের (গঠন/পুনর্গঠন) কার্যকারিতা বর্তমান পরিষদের মেয়াদ উত্তীর্ণের পর শুরু হবে।

চূড়ান্তভাবে বিভক্তিকরণ (গঠন/পুনর্গঠন) নিম্নরূপ

**মুদাফরগঞ্জ ইউনিয়ন**

**প্রস্তাবিত "মুদাফরগঞ্জ উত্তর" ইউনিয়ন পরিষদের বিবরণ (ওয়ার্ড বিভক্তিসহ)**

| সংরক্ষিত ওয়ার্ড নম্বর | সাধারণ ওয়ার্ড নম্বর | ওয়ার্ডভুক্ত এলাকার বিবরণ | আয়তন (বর্গ কি:মি:) | জনসংখ্যা (২০১১ শুমারী অনুযায়ী) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১ | মুদাফরগঞ্জ | ০.১৬২ | ২৪৫৩ | |
| | | নগরীপাড়া | ০.৯৩৯ | | |
| | ২ | উত্তর সাতবাড়ীয়া | ০.২৮৩ | ৭৬৪ | |
| | | বোয়ালিয়া | ০.১২১ | ৮৪৭ | |
| | | বড় বাউরতলা | ০.৮২৯ | ১৪৭৮ | |
| | ৩ | হলদিয়া | ০.৪৪১ | ৪৬৮ | |
| | | বামন্ডা | ১.৩৬৭ | ২৯৪২ | |
| | | ডিমাতলী | ০.৫১৩ | ৭৮৩ | |
| ২ | ৪ | আউশপাড়া | ২.৬৫০ | ৩৪৬৫ | |
| | ৫ | পাশাপুর | ১.৯৯৯ | ৪৬১৯ | |
| | ৬ | চিকুনিয়া (উত্তর পাড়া) | ১.০১২ | ১৮০০ | |
| ৩ | ৭ | চিকুনিয়া (দক্ষিণ পাড়া) | ১.০৯৩ | ১৮৬৭ | |
| | ৮ | খাতাপাড়া | ০.২৪৩ | ৪৭২ | |
| | | চুমুরিয়া | ০.২৮৪ | ৫৪৭ | |
| | | ধানকুইয়া | ০.৩৬৫ | ৯৬৭ | |
| | | বেতাগাঁও | .০৩১৬ | ৬৪৩ | |
| | | প: কান্দিরপাড় | ০.৩০৪ | ৭০ | |
| | ৯ | কাঠালিয়া | ০.২৫৯ | ১৩৮০ | |
| | | মছলন্দপুর | ০.২৩৯ | ৩০০ | |
| | | নাগঝাটিয়া | ০.৫৪৬ | ১৭৭৯ | |
| | | | মোট=১৩.৬৮০৬ | ২৭৬৪৪ জন | |

**প্রস্তাবিত "মুদাফরগঞ্জ দক্ষিণ" ইউনিয়ন পরিষদের বিবরণ (ওয়ার্ড বিভক্তিসহ)**

| সংরক্ষিত ওয়ার্ড নম্বর | সাধারণ ওয়ার্ড নম্বর | ওয়ার্ডভুক্ত এলাকার বিবরণ | আয়তন (বর্গ কি:মি:) | জনসংখ্যা (২০১১ শুমারী অনুযায়ী) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১ | জনার্দ্দনপুর | ০.৫৮৬ | ১২২১ | |
| | | ফুলহরা (উত্তর অংশ) | ০.৪২৫ | ৩৭২ | |
| | ২ | ফুলহরা (দক্ষিণ অংশ) | ০.৮৯৯ | ২৫০০ | |
| | ৩ | কাগৈয়া | ২.৯৭৪ | ৩২৪৮ | |
| ২ | ৪ | পশ্চিম লক্ষীপুর | ০.৫৮২০ | ১৫০৯ | |
| | | ছোট পরানপুর | ০.২৬৩০ | ৭২৯ | |
| | ৫ | দক্ষিণ নোয়াপাড়া | ০.৫১৮ | ১৫৬৭ | |
| | | পশ্চিম রাজাপুর | ০.৮০১ | ১৩১৫ | |
| | ৬ | পশ্চিম জগৎপুর | ০.৫৮২ | ১৩০৭ | |
| | | শ্রীয়াং (উত্তর অংশ) | ১.৬১৯ | ২৫০০ | |

| সংরক্ষিত ওয়ার্ড নম্বর | সাধারণ ওয়ার্ড নম্বর | ওয়ার্ডভুক্ত এলাকার বিবরণ | আয়তন (বর্গ কি:মি:) | জনসংখ্যা (২০১১ শুমারী অনুযায়ী) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩ | ৭ | শ্রীয়াং (মধ্যম অংশ) | ১.৪১৭ | ২৮০০ | |
| | ৮ | শ্রীয়াং (দক্ষিণ অংশ) | ১.৮৪২ | ৩০২১ | |
| | ৯ | হামিরাবাগ | ০.৮৭৯ | ১৭৩৬ | |
| | | কালিয়াপুর | ০.১৮৩ | ৫২৪ | |
| | | | মোট= ১৩.৫৭ | ২৪৩৪৯ জন | |

**মোঃ হাসানুজ্জামান কল্লোল**
জেলা প্রশাসক।

---

**জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, শেরপুর**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৭ মার্চ ২০১৬ খ্রিঃ

**নং ১৭.০৯.৮৯০০.০০০.৪১.০০৫.১৬-১৫১**—নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৮.১৬-১২৫, তারিখঃ ২৭ মার্চ ২০১৬ এর প্রেক্ষিতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ এর ক্ষমতাবলে আমি মোহাম্মদ মোখলেছুর রহমান, জেলা নির্বাচন অফিসার, শেরপুর, শেরপুর জেলার শেরপুর সদর উপজেলার ০৭টি ও ঝিনাইগাতী উপজেলার নির্বাচনযোগ্য ০৭টি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য পদে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে ৪নং কলামে উল্লিখিত ইউনিয়নের জন্য ৫নং কলামে বর্ণিত কর্মকর্তাগণকে রিটার্নিং অফিসার হিসাবে নিয়োগ করিলাম:

| ক্রমিক নং | জেলার নাম | উপজেলার নাম | ইউনিয়ন পরিষদের নাম | রিটার্নিং অফিসারের নাম ও পদবী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | শেরপুর | শেরপুর সদর | কামারিয়া ও রৌহা | মোহাম্মদ সাইফুল ইসলাম<br>উপজেলা নির্বাচন অফিসার, শেরপুর সদর, শেরপুর। |
| (২) | | | বাজিতখিলা | মোঃ আঃ ছালাম, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর। |
| (৩) | | | পাকুড়িয়া ও ধলা | মোহাম্মদ শহিদুল ইসলাম, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, শেরপুর সদর, শেরপুর। |
| (৪) | | | গাজিরখামার ও ভাতশালা | আবদুল্যাহ আল বাকী<br>উপজেলা শিক্ষা অফিসার, শেরপুর সদর, শেরপুর। |
| (৫) | | ঝিনাইগাতী | কাংশা ও ধানশাইল | মোঃ কোরবান আলী<br>উপজেলা কৃষি অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |
| (৬) | | | নলকুড়া ও গৌরীপুর | মোঃ আবু বকর সিদ্দিক<br>উপজেলা শিক্ষা অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |
| (৭) | | | ঝিনাইগাতী, হাতিবান্ধা ও মালিঝিকান্দা | এ কে এম জালাল উদ্দিন<br>উপজেলা নির্বাচন অফিসার, ঝিনাইগাতী, শেরপুর। |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হইল এবং অবিলম্বে কার্যকর হইবে।

**মোহাম্মদ মোখলেছুর রহমান**
জেলা নির্বাচন অফিসার।

---

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৮ মার্চ ২০১৬ খ্রিঃ

**নং ১৭.০৯.৮৯০০.০০০.৪১.০০৫.১৬-১৫৪**—নং ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৮.১৬-১২৫, তারিখঃ ২৭ মার্চ ২০১৬ এর প্রেক্ষিতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী শেরপুর জেলার শেরপুর সদর উপজেলার ০৭টি (কামারিয়া, রৌহা, বাজিতখিলা, পাকুড়িয়া, ধলা, গাজিরখামার ও ভাতশালা) এবং ঝিনাইগাতী উপজেলার ০৭টি (কাংশা, ধানশাইল, নলকুড়া,

গৌরীপুর, ঝিনাইগাতী, হাতিবান্ধা ও মালিঝিকান্দা) নির্বাচন যোগ্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সংরক্ষিত আসনের সদস্য এবং সাধারণ আসনের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছি:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | ঃ | ০৭ এপ্রিল ২০১৬ | (বৃহস্পতিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | ঃ | ১০-১১ এপ্রিল ২০১৬ | (রবিবার ও সোমবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | ঃ | ১৮ এপ্রিল ২০১৬ | (সোমবার) |
| (ঘ) | ভোট গ্রহণের তারিখ | ঃ | ০৭ মে ২০১৬ | (শনিবার) |

নির্বাচন কমিশনের নির্দেশক্রমে

**মোহাম্মদ মোখলেছুর রহমান**
জেলা নির্বাচন অফিসার।

---

**জেলা নির্বাচন অফিসারের কার্যালয়, ঝিনাইদহ**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ২৭ মার্চ ২০১৬ খ্রিঃ

**নং ১৭.০৫.৪৪০০.০০০.৪১.০০১.১২-১৯৬**—যেহেতু নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা হইতে (পরিপত্র-১) ২৭ মার্চ ২০১৬ খ্রিঃ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৮.১৬-১২৫ নম্বর পত্রের মাধ্যমে আগামী ০৭-০৫-২০১৬ তারিখ ঝিনাইদহ জেলাধীন ঝিনাইদহ সদর ও হরিণাকুন্ডু উপজেলার নির্বাচনযোগ্য ১৬ (ষোল) টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্দেশনা জারি করেছেন।

সেহেতু স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ এ প্রদত্ত ক্ষমতা বলে আমি মোহাঃ জাহাঙ্গীর হোসেন, জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন পরিচালনার জন্য নিম্নলিখিত ৩ নং কলামে বর্ণিত কর্মকর্তাগণকে ৪ নং কলামে উল্লিখিত ইউনিয়নসমূহের জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করিলাম:

| ক্রমিক নং | উপজেলার নাম | রিটার্নিং অফিসারের পদবী | দায়িত্বপ্রাপ্ত ইউনিয়ন পরিষদের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | ঝিনাইদহ সদর | মোঃ মাসুদ করিম<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ। | দোগাছি ও ফুরসন্দি | |
| (২) | | মোঃ শাহজাহান<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ। | ঘোড়শাল ও পোড়াহাটি | |
| (৩) | | ডাঃ মোঃ আনিছুর রহমান<br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ। | সুরাট ও নলডাঙ্গা | |
| (৪) | | শেখ মোঃ কামরুজ্জামান<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ। | হরিশংকরপুর ও পদ্মাকর | |
| (৫) | | মোঃ মোখলেছুর রহমান<br>উপজেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ। | কালীচরণপুর | |
| (৬) | হরিনাকুন্ডু | মোঃ আরশেদ আলী<br>উপজেলা কৃষি কর্মকর্তা, হরিণাকুন্ডু, ঝিনাইদহ। | তাহেরহুদা ও দৌলতপুর | |
| (৭) | | মোঃ ওয়ালিয়ুর রহমান<br>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, হরিণাকুন্ডু, ঝিনাইদহ। | ভায়না ও জোড়াদহ | |
| (৮) | | বিকাশ চন্দ্র নন্দী<br>উপজেলা প্রকৌশলী, হরিণাকুন্ডু, ঝিনাইদহ। | রঘুনাথপুর | |
| (৯) | | মোঃ সহিদুর রহমান<br>উপজেলা নির্বাচন অফিসার (অঃ দাঃ), হরিণাকুন্ডু, ঝিনাইদহ। | কাপাশহাটিয়া ও ফলসী | |

**নং ১৭.০৫.৪৪০০.০০০.৪১.০০১.১২-১৯৭**—নির্বাচন কমিশন সচিবালয়ের ২৭ মার্চ ২০১৬ তারিখের ১৭.০০.০০০০.০৭৯.৪১.০৩৮.১৬-১২৫ নম্বর পত্রের (পরিপত্র-১) নির্দেশনা অনুযায়ী স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ এ প্রদত্ত ক্ষমতাবলে আমি মোহাঃ জাহাঙ্গীর হোসেন, জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ এই জেলার ঝিনাইদহ সদর উপজেলার ০৯টি ইউনিয়ন (দোগাছি, ফুরসন্দি, ঘোড়শাল, হরিশংকরপুর, কালীচরণপুর, নলডাঙ্গা, পদ্মাকর, পোড়াহাটি, সুরাট) ও হরিণাকুন্ডু উপজেলার ০৭টি ইউনিয়ন (ভায়না, দৌলতপুর, জোড়াদহ, কাপাশহাটিয়া, রঘুনাথপুর, তাহেরহুদা, ফলশী) ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের জন্য চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের সদস্য ও সাধারণ ওয়ার্ডের সদস্য নির্বাচনের উদ্দেশ্যে নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করিলাম:

| | | | |
|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | ঃ | ০৭ এপ্রিল ২০১৬ (বৃহস্পতিবার) |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | ঃ | ১০-১১ এপ্রিল ২০১৬ (রবিবার ও সোমবার) |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | ঃ | ১৮ এপ্রিল ২০১৬ (সোমবার) |
| (ঘ) | ভোট গ্রহণের তারিখ | ঃ | ০৭ মে ২০১৬ (শনিবার) |

**মোহাঃ জাহাঙ্গীর হোসেন**
জেলা নির্বাচন অফিসার।